৭।

দৈনিক বাংলা

তারিখ ... 05 FEB 1995
পৃষ্ঠা ৮২ কলাম ৭

## শাহজালাল বিশ্ববিদ্যালয়

# রসায়ন ও অর্থনীতি মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪ সালে অনুষ্ঠিত রসায়ন বিষয়ে ২য় বর্ষ সম্মান ও মাস্টার্স এবং অর্থনীতি বিষয়ে মাস্টার্স পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

রসায়ন বিষয়ে ২য় পর্ব সম্মান পরীক্ষায় মোট ২৭ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণের হার ২১ দশমিক ৪১ শতাংশ। একই বিষয়ে মাস্টার্স ফাইনালে মোট উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৯ জন। পাসের হার ১০০ শতাংশ। এদের মধ্যে ভৌত রসায়নে মোঃ নিজাম উদ্দিন দ্বিতীয় শ্রেণীতে ১ম, মোঃ নাসির উদ্দিন দ্বিতীয় শ্রেণীতে ২য়, অজৈব রসায়নে মফিজুল ইসলাম দ্বিতীয় শ্রেণীতে ১ম, আলোময় রায় দ্বিতীয় শ্রেণীতে ২য়, বিপ্রজ্যোতি দত্ত দ্বিতীয় শ্রেণীতে ৩য়, জৈব রসায়নে মোঃ মুজিবুর রহমান প্রথম শ্রেণীতে ১ম, মোঃ গোলাম মোস্তফা দ্বিতীয় শ্রেণীতে ১ম, বিশ্লেষণীয় ও পরিবেশ রসায়নে মানস শান্তি দাস দ্বিতীয় শ্রেণীতে ১ম, মোঃ নাজমুল হক দ্বিতীয় শ্রেণীতে ২য়, আবু তাহের মোঃ এবং জাকারিয়া ২য় শ্রেণীতে ৩য় স্থান লাভ করেছেন।

উক্ত পরীক্ষায় ১ জন প্রথম শ্রেণী, ১২ জন ২য় শ্রেণী এবং ৬ জন তৃতীয় শ্রেণী লাভ করেছেন।

উক্ত বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিষয়ে মাস্টার্স ফাইনাল পরীক্ষায় ২৪ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছেন, পাসের হার ৯৬ শতাংশ। এদের মধ্যে সৈয়দ হাসানুজ্জামান ও নাসিম সাঈদী প্রথম শ্রেণী লাভ করেছেন, বাকী ২২ জন লাভ করেছেন ২য় শ্রেণী।